

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৫৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. প্রথম অনুচ্ছেদ - জুমু'আর সালাত

بَابُ الْجُمْعَةِ

আরবী

وَفِي رِوَايَة لمُسلم عَن أبي هُرَيْرَة وَعَنْ حُذَيْفَةَ قَالَا: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي آخِرِ الْحَدِيثِ: «نَحْنُ الْآخِرُونَ مِنْ أَهْلِ الدُّنْيَا وَالْأَوَّلُونَ يَوْمَ الْقِيَامَةِ الْمقْضِي لَهُم قبل الْخَلَائق»

বাংলা

১৩৫৫-[২] মুসলিমের অন্য এক রিওয়ায়াতে আবৃ হুরায়রাহ্ (রাঃ) ও হুযায়ফাহ্ (রাঃ) থেকে এভাবে বর্ণিত হয়েছে যে, তারা দু'জনই বলেছেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাদীসের শেষ দিকে বলেছেনঃ দুনিয়ায় আগমনের দিক দিয়ে আমরা সকলের পেছনে। কিন্তু কিয়ামতের (কিয়ামতের) দিন আমরা সকলের আগে থাকব। সকলের আগে আমাদের হিসাব নেয়ার ও জান্নাতে প্রবেশ করার হুকুম দেয়া হবে।[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৫৬, ইবনু মাজাহ্ ১০৮৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْمَقْضِي لَهُم قَبْلَ الْخَلَائِق) এ বাক্যটি الْخِرُوْنَ এন সিফাত অর্থাৎ প্রথমেই জান্নাতে প্রবেশের জন্য তাদের ফায়সালা সবার আগেই করা হবে।

এ বর্ণনাটি নাসায়ী ও ইবনু মাজাহ্ বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন